পাথরঘাটা, বরগুনা।

পাথরঘাটা উপজেলা পরিষদের ৩২তম মাসিক (ডিসেম্বর-২০২১) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ৩২/২০২১ |
| সভার তারিখ ও সময় | : | ২৩.১২.২০২১ সকাল ১১:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ১৮.১১.২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকতা, পাথরঘাটা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকতা, পাথরঘাটা, সভায় জানান যে, পাথরঘাটা উপজেলার সকল ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকসহ বিভিন্ন কেন্দ্রে করোনা ভাইরাসের (কোভিড-১৯) টিকা কার্যক্রম অব্যহত রয়েছে। এ কার্যক্রম বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিষয়টি আলোচনান্তে টিকা কার্যক্রম অব্যহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকতা, পাথরঘাটা'কে অনুরোধ জানানো হয়। |
| ০৮. | উপজেলা কৃষি বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা কৃষি কর্মকর্তা, সভায় জানান যে, রবি/২০২১-২০২২ মৌসুমে ভূট্টা, সরিষা, সূর্যমুখী, মুগ ও খেশারী ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কৃষি প্রণোদনা কর্মসূচি আওতায় কৃষি মন্ত্রণালয়ের ০৬.১০.২০২১ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১-৩৩৫ নম্বর স্মারক মোতাবেক এ উপজেলায় ভূট্টা-১০০ জন, সরিষা-৩৫ জন, খেশারী-২০০, সূর্যমুখী-৭০০ ও শীতকালীন মুগ-৪৫০০ জন সর্বমোট ৫৫৩৫ জনের বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে এ উপজেলার রবি/২০২১-২০২২ মৌসুমে বরাদ্দকৃত ৫৫৩৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সুষ্ঠুভাবে বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| ০৯. | উপজেলা শিক্ষা বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, সভায় জানান যে, আগামী ১ জানুয়ারি ২০২২ তারিখ স্বাস্থ্য বিধি মেনে প্রাথমিক স্তরে বই বিতরণ কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে ১ জানুয়ারি ২০২২ তারিখ স্বাস্থ্য বিধি মেনে প্রাথমিক স্তরে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), পাথরঘাটা সভায় জানান যে, ইউআইটিআরসিই ফেজ-২ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন স্থাপনের জন্য ইতোমধ্যে উপজেলা পরিষদের নির্মিতব্য মডেল মসজিদ সংলগ্ন স্থান নির্বাচন করা হয়েছিল। কিন্তু জমির স্বল্পতার কারণে উপজেলা পরিষদের উপজেলা প্রশাসন বিদ্যানিকেতন ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যবর্তী স্থানে আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন স্থাপনের জন্য জমি নির্বাচন করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে ইউআইটিআরসিই ফেজ-( প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন স্থাপনের জন্য উপজেলা পরিষদের উপজেলা প্রশাসন বিদ্যানিকেতন ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যবর্তী স্থানে স্কেচ ম্যাপ ও বিধি মোতাবেক জমি বরাদ্দকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাথরঘাটা সভায় জানান যে, টিআর/কাবিটা/কাবিখা ও হতদরিদ্র কর্মসূচিসহ মুজিববর্ষের গৃহ নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং শীতবস্ত্র (কম্বল) বরাদ্দ পাওয়া মাত্র যথাযথভাবে বিতরণ করা হবে। বিধি মোতাবেক ও যথা সময়ে কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিষয়টি আলোচনান্তে টিআর/কাবিটা/কাবিখা ও হতদরিদ্র কর্মসূচিসহ মুজিববর্ষের গৃহ নির্মাণ প্রকল্পের বিধি মোতাবেক ও যথা সময়ে সমাপ্ত করাসহ প্রাপ্ত শীতবস্ত্র (কম্বল) যথাযথভাবে বিতরণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। |
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত লবনাক্ততা দূরীকরণের প্লান্ট সংক্রান্ত | উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাথরঘাটা সভায় জানান যে, পাথরঘাটা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত লবানক্ততা দূরীকরণের প্লান্টের পানি বিক্রির জন্য ২০.১১.২০১৮ তে মেসার্স এফ. কে এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ মোস্তাফিজুর রহমান, ৮নং ওয়ার্ড, পাথরঘাটা পৌরসভা, বরগুনাকে কার্যাদেশ প্রধান করা হয়। কার্যাদেশের এর শর্তাবলী ক্রমিক নং-০৮ অনুযায়ী 'কাজ অন্য কারও কাছে হস্তান্তর করা যাবে না। যদি করা হয় তবে কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তিপত্র বাতিল করতে পারবে' মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও তিনি তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর করেছেন (কপি সংযুক্ত)। উক্ত শর্তাবলী তিনি ভঙ্গ করায় তার কার্যাদেশ বাতিল করা কেন হবে না পত্র দেয়া হলে তিনি লিখিত জবাব দাখিল করেন এবং শর্ত ভঙ্গের জবাব সন্তোষজনক নহে। বিধায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত লবনাক্ততা দূরীকরণ প্লান্টের পানি বিক্রি কার্যাদেশ বাতিলের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নির্মিত লবনাক্ততা দূরীকরণ প্লান্টের পানি বিক্রি কার্যাদেশ শর্ত ভঙ্গের কারনে মেসার্স এফ. কে এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ মোস্তাফিজুর রহমান, ৮নং ওয়ার্ড, পাথরঘাটা পৌরসভা, বরগুনা এর কার্যাদেশ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০১ | বিবিধঃ<br>(ক) উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়করণ। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১০.০৮.২০২১ তারিখের ৪৬.০০. ০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নম্বর স্মারকমূলে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২১-২২ অর্থ বছর থেকে নির্বাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় মেসার্স তুরাগ ফিলিং স্টেশন, কিরণপুর, পাথরঘাটা, বরগুনা জুলাই/২০২১ | বিষয়টি আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১০.০৮.২০২১ তারিখের ৪৬. ০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নম্বর স্মারকের পত্র মোতাবেক উপজেলা পরিষদ চেয়ারম্যানদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী ব্যয়/খরচ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২১-২২ অর্থ বছর থেকে মেসার্স তুরাগ ফিলিং স্টেশন, কিরণপুর, পাথরঘাটা, বরগুনা এর অনুকূলে জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১,৬১,২৩৫/- (এক লক্ষ একষট্টি হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা মাত্র (৭.৫% ভ্যাটসহ) পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ১,৬১,২৩৫/- (এক লক্ষ একষট্টি হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা মাত্র (৭.৫% ভ্যাটসহ) পরিশোধের জন্য বিল দাখিল করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

(খ) উপজেলা পরিষদের জীপগাড়ির মেরামত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নির্বাহকরণ।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, পাথরঘাটা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত বরিশাল ঘ-১১-০০৪৭ নং জীপগাড়ীর ইঞ্জিন মেরামত, ডেন্টিং ও পেইন্টিং, গিয়ার বক্স পেনিয়াম পরিবর্তন, এসি কম্প্রেসার ১টি, সামনের সকেট জাম্পার ১ সেট ও একটি ১২ ভোল্ট ব্যাটারীসহ ৫টি টায়ার টিউব পরিবর্তন ও ক্রয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখায় প্রেরণ করা হলে ০৮.১২.২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৮৫. ১২.২৮৭ স্মারকে চাহিত তথ্যাদি গঠিত কমিটির মাধ্যমে কোটেশন বিজ্ঞপ্তি আহ্বান করা হলে গাড়ি মেরামতের জন্য সর্বনিম্ন দরদাতার দাখিলকৃত দরপত্র নিম্নরূপ:

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | মূল্য |
|---|---|---|---|
| ০১ | ইঞ্জিন মেরামত | সম্পূর্ণ | ৯৩,০০০/- |
| ০২ | গাড়ীর ডেনন্টিং ও পেইন্টিং | সম্পূর্ণ | ১,১০,০০০/- |
| ০৩ | গিয়ার বক্স পেনিয়াম পরিবর্তন | ০১ (এক) টি | ৩২,৫০০/- |
| ০৪ | এসি কম্প্রেসার | ০১ (এক) টি | ২৬,০০০/- |
| ০৫ | সামনের সকেট জাম্পার | ০১ (এক) সেট | ১৬,০০০/- |
| ০৬ | ১২ ভোল্ট ব্যাটারী | ০১ (এক) টি | ৬,৫০০/- |
| ০৭ | টায়ার টিউব | ০৫ (পাঁচ) টি | ৯৫,০০০/- |
| ০৮ | সামনের সাসপেনশন বল জয়েন্ট | ০১ (এক) সেট | ১৩,০০০/- |
| ০৯ | ব্রেক সু, ব্রেক প্যাড | ২ (দুই) সেট | ১৩,৪০০/- |
| | | সর্বমোট = | ৪,০৫,৪০০/- |

বর্ণিত দাখিলকৃত দরপত্রে উল্লেখিত ৪,০৫,৪০০/- (চার লক্ষ পাঁচ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

বিষয়টি আলোচনান্তে পাথরঘাটা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত বরিশাল ঘ-১১-০০৪৭ নং জীপগাড়ীর ইঞ্জিন মেরামত, ডেন্টিং ও পেইন্টিং, গিয়ার বক্স পেনিয়াম পরিবর্তন, এসি কম্প্রেসার ১টি, সামনের সকেট জাম্পার ১ সেট ও একটি ১২ ভোল্ট ব্যাটারীসহ ৫টি টায়ার টিউব পরিবর্তন ও ক্রয়ের নিমিত্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪,০৫,৪০০/-(চার লক্ষ পাঁচ হাজার চারশত) টাকা মাত্র ব্যয় করার লক্ষ্যে প্রশাসনিক মঞ্জুরীর জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'য় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাতের ব্যবহার সংক্রান্ত।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঘ) অপ্রত্যাশিত খাত হতে ২০২১-২০২২ অর্থ বছরে ইত্যেমধ্যে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা উত্তোলন পূর্বক অসহায়, গরীব ও দুঃস্থ মানুষের চিকিৎসা খরচ বাবদ বিতরণ করা হয়েছে। উল্লেখিত বিধি মোতাবেক অসহায়, গরীব ও দুঃস্থ মানুষের চিকিৎসা খরচ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনর্বাসনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অবশিষ্ট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উত্তোলন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায়

বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঘ) মোতাবেক অসহায়, গরীব ও দুঃস্থ মানুষের চিকিৎসা খরচ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ মানুষদের পুনর্বাসনের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অবশিষ্ট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| | | বিস্তারিত আলোচনা করা হয়। | |
| | (ঘ) উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ / মেরামত খাতের ব্যবহার সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঞ) অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ফটোকপি মেশিনটি নষ্ট থাকায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ফটোকপি মেশিনটি মেরামত বাবদ ভ্যাট আয়করসহ ১৪,১৪৪/- (চৌদ্দ হাজার একশত চুয়াল্লিশ) টাকা মাত্র উত্তোলনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ঞ) অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ফটোকপি মেশিনটি মেরামত বাবদ ভ্যাট আয়করসহ ১৪,১৪৪/- (চৌদ্দ হাজার একশত চুয়াল্লিশ) টাকা মাত্র উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২১/২০৮০৮(৬০)

তারিখঃ ২৩.১২.২০২১।

সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫মহিলা আসন-১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ........................................................ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ..................................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, ........................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব ......................................................................।
১৫. অফিস নথি।

২৬.১২.২০২১
(হোসাইন মুহাম্মদ আল-মুজাহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।

২৩/১২/২০২১

# উপজেলা পরিষদের ৩২তম (ডিসেম্বর/২০২১) মাসিক সভার হাজিরা শীট

তারিখ: ২৩/১২/২০২১

সময়: সকাল ১১:০০

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | ইমেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব শওকত হাচানুর রহমান রিমন<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০, বরগুনা-২। | | | |
| ২ | জনাব সুলতানা নাদিরা<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য,<br>৩১৫, মহিলা আসন-১৫। | | | |
| ৩ | জনাব মোস্তফা গোলাম কবির<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ৪ | জনাব মোঃ আনোয়ার হোসেন আকন<br>মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা। | | | |
| ৫ | জনাব মোঃ হাফিজুর রহমান<br>ভাইস চেয়ারম্যান<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ৬ | জনাব ফাতিমা পারভীন<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ৭ | জনাব মোঃ মিজানুর রহমান রুপক<br>চেয়ারম্যান, রায়হানপুর ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৮ | জনাব মোঃ ফরিদ খান<br>চেয়ারম্যান, নাচনাপাড়া ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৯ | জনাব আলহাজ্ব হাফিজ উদ্দিন আহম্মেদ ফিরোজ<br>চেয়ারম্যান<br>চরদুয়ানী ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১০ | জনাব মোঃ আসাদুজ্জামান আসাদ<br>চেয়ারম্যান,পাথরঘাটা সদর ইউনিয়ন<br>পরিষদ,পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১১ | জনাব গোলাম নাসির উদ্দিন<br>চেয়ারম্যান, কালমেঘা ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১২ | জনাব মোঃ আলাউদ্দিন পল্টু<br>চেয়ারম্যান, কাকচিড়া ইউনিয়ন পরিষদ,<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১৩ | জনাব মোঃ শহিদুল ইসলাম<br>চেয়ারম্যান, কাঠালতলী ইউনিয়ন<br>পরিষদ,পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১৪ | চেয়ারম্যান<br>ইউ.সি.সি.এ লি: পাথরঘাটা, বরগুনা। | | | |
| ১৫ | মোসাঃ রেহেনা পারভীন<br>সংরক্ষিত মহিলা সদস্য<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ১৬ | মোসাঃ জয়নব, সংরক্ষিত মহিলা সদস্য<br>পাথরঘাটা উপজেলা পরিষদ, জেলাঃ বরগুনা। | | | |
| ১৭ | মোসাঃ সামিমা আক্তার<br>সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, | | | |

# উপজেলা পরিষদের ৩২তম (ডিসেম্বর/২০২১) মাসিক সভার হাজিরা শীট

তারিখ: ২৩/১২/২০২১ সময়: সকাল ১১:০০

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | ইমেইল আইডি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৩ | সহকারী কমিশনার (ভূমি)<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৪ | উপজেলা কৃষি কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৬ মিঃ | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৭ | উপজেলা প্রকৌশলী<br>পাথরঘাটা | | | |
| ৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>পাথরঘাটা | 01759-486108 | | |
| ৯ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১০ | অফিসার-ইন-চার্জ<br>পাথরঘাটা থানা | | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১২ | উপজেলা নির্বাচন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | 01715113066 | urdopatharghata@gmail.com | |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ১৭ | ম্যানেজার<br>বিএফডিসি, পাথরঘাটা | | | |
| | ইন্সট্রাক্টর<br>উপজেলা রিসোর্স সেন্টার,পাথরঘাটা | | | |
| ৯ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পাথরঘাটা | 01746448800 | | |
| ০ | উপ-বিভাগীয় প্রকৌশলী<br>পাউবো, পাথরঘাটা | | | |
| ১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা<br>পাথরঘাটা | 01787018980 | | |
| | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | রেঞ্জ কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৮ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ২৯ | ইন-চার্জ, পবিস<br>পাথরঘাটা অভিযোগ কেন্দ্র | | | |
| ৩০ | সিনিয়র সহকারী পরিচালক<br>সিপিপি,পাথরঘাটা | | | |
| ৩১ | ইন-চার্জ, বিটিসিএল<br>পাথরঘাটা | | | |
| ৩২ | উপজেলা সমন্বয়কারী<br>একটি বাড়ি একটি খামার, পাথরঘাটা। | | | |
| ৩৩ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা<br>পাথরঘাটা | | | |
| ৩৪ | সুপারভাইজার<br>ইসলামিক ফাউন্ডেশন | | | |
| ৩৫ | তথ্য সেবা কর্মকর্তা<br>পাথরঘাটা, বরগুনা। | | | |
| ৩৬ | | | | |
| ৩৭ | | | | |
| ৩৮ | | | | |
| ৩৯ | | | | |
| ৪০ | | | | |